



নির্বাচন কমিশন সচিবালয়
জনসংযোগ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.ecs.gov.bd

নং নিকস/জঅ/সংবাদ বিজ্ঞপ্তি-১(২)/২০১০/১৬৭

তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১০।

প্রেস রিলিজ

নির্বাচন কমিশন ঘোষিত সময়সূচি অনুসারে দেশের ২৬২টি পৌরসভার নির্বাচন আগামী ১২-১৮ জানুয়ারি, ২০১১ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন কর্তৃক নিবন্ধিত স্থানীয় পর্যবেক্ষক সংস্থা এবং বিদেশী পর্যবেক্ষক সংস্থা এ নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবেন। এ নির্বাচনে বুথভিত্তিক কোন সার্বক্ষণিক পর্যবেক্ষক নিয়োগ করা হবে না। তবে ভ্রাম্যমাণ পর্যবেক্ষকগণ কেন্দ্রে বা বুথে স্বল্প সময়ের জন্য অবস্থান করে নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ করতে পারবেন। এ প্রেক্ষাপটে নির্বাচন পর্যবেক্ষণে আগ্রহী দেশী-বিদেশী পর্যবেক্ষক সংস্থাকে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। মোট পর্যবেক্ষক ও দলের সংখ্যা উলেখ করে আবেদনপত্র নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব বরাবরে প্রেরণ করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ আগামী ২৬ ডিসেম্বর, ২০১০। আবেদনপত্র ডাকযোগে, ই-মেইলে dpr@ecs.gov.bd বা ফ্যাক্সে ৯১২৯৭৭৩ পাঠানো যাবে। পর্যবেক্ষক ফরমসমূহ নির্বাচন কমিশনের ওয়েব সাইট (www.ecs.gov.bd)হতে ডাউনলোড এবং ফটোকপি করে ব্যবহার করা যাবে।

(স্বপন কুমার ভৌমিক)
পরিচালক (জনসংযোগ)
মোবাইলঃ ০১৮২০০৭৭১৮০।



নির্বাচন কমিশন সচিবালয়
জনসংযোগ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.ecs.gov.bd

নং নিকস/জঅ/সংবাদ বিজ্ঞপ্তি-১(২)/২০১০/১৬৬

তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১০।

প্রেস রিলিজ

নির্বাচন কমিশন ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ১২-১৮ জানুয়ারি, ২০১১ দেশের ২৬২টি পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন আশা করছে, এ নির্বাচনে ভোটারগণ শান্তিপূর্ণ পরিবেশে অবাধে নিজ নিজ ভোট দিতে পারবেন। শান্তিপূর্ণ পরিবেশে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা করার জন্য ভোটগ্রার্থী ও ভোটারদের উদ্বুদ্ধ করতে মিডিয়ার বিরাট ভূমিকা রয়েছে। এ প্রেক্ষাপটে আসন্ন পৌরসভা নির্বাচনের সংবাদ গুরুত্ব সহকারে প্রচারের জন্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতি আহ্বান জানানো যাচ্ছে।

নির্বাচনের দিনে সংবাদ সংগ্রহ ও পরিবেশন করার জন্য সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার প্রদান করা হবে। এ বিষয়ে ০৯ই জানুয়ারি, ২০১১ হতে ঢাকার সাংবাদিকদেরকে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবরে এবং স্থানীয় সাংবাদিকদেরকে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বরাবরে আবেদন করার জন্য অনুরোধ জানানো হলো।

(স্বপন কুমার ভৌমিক)
পরিচালক (জনসংযোগ)
মোবাইলঃ ০১৮২০০৭৭১৮০।